

106460 - রোযাদারের বেশি বেশি গোসল করা

প্রশ্ন

রমযানের দিনের বেলায় একাধিক বার গোসল করার হুকুম কি? কিংবা সারাদিন এসি (এয়ার কন্ডিশন)-এর কাছে বসে থাকার হুকুম কি; যে এসি জলীয় বাষ্প ছড়ায়?

প্রিয় উত্তর

এটি জায়েয। এতে কোন অসুবিধা নাই। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রোযা রেখে গরমের কারণে কিংবা পিপাসায় মাথার উপর পানি ঢালতেন। ইবনে উমর (রাঃ) রোযা রেখে তার কাপড় পানিতে ভেজাতেন— গরম বা পিপাসার কষ্ট কিছুটা লাঘব করার জন্য। জলীয় বাষ্প কোন নেতিবাচক প্রভাব ফেলবে না। কেননা সেটি এমন কোন পানি নয় যা পাকস্থলিতে পৌঁছে।[সমাণ্ড]

ফাযিলাতুশ শাইখ মুহাম্মাদ বিন উছাইমীন (রহঃ)

ফাতাওয়া ইসলামিয়া (২/১৩০)